তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

# সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের বৃত্তি দিল ইসলামী ব্যাংক

ইসলামী ব্যাংক বাংলাদেশ ২০১৬ সালে সুবিধাবঞ্চিত ১ হাজার ৫শ' মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করে। প্রধানমন্ত্রীর আন্তর্জাতিকবিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী প্রধান অতিথি হিসেবে বৃহস্পতিবার বিসিআইসি মিলনায়তনে শিক্ষার্থীদের হাতে বৃত্তির অর্থ তুলে দেন। ব্যাংকের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মুস্তাফা আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মো. ইসকান্দার আলী খান। স্বাগত বক্তব্য দেন এমডি মোহাম্মদ আবদুল মান্নান। ব্যাংকের ডাইরেক্টর হুমায়ুন বখতিয়ার, ডিএমডি মো. হাবিবুর রহমান ভূঁইয়া প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।